

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৯১১

٩. यन गलाता সूशिष्ठ উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর উপর সালাম পেশ করবে, মহান আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তাকে দশবার জাহান্নাম থেকে রক্ষা করবেন (আমরা আল্লাহর কাছে জাহান্নাম থেকে আশ্রয় চাই)

ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى الْمُسَلِّمِ عَلَى رَسُولِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّةً وَاحِدَةً بِأَمْنِهِ مِنَ النَّارِ عَشْرَ مَرَّاتِ نَعُوذُ بِاللَّهِ مِنْهَا

আরবী

911 _ أَخْبَرَنَا أَبُو الطَّيِّبِ مُحَمَّدُ بْنُ عَلِيِّ الصَّيْرَفِيُّ غُلَامُ طَالُوتَ بْنِ عَبَّادِ بِالْبَصْرَةِ قَالَ: حَدَّثَنَا عُمَرُ بْنُ مُوسَى الْحَادِي قَالَ: حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ ثَابِتٍ عَنْ سُلَيْمَانَ مَوْلَى الْحَسَنِ بْنِ عَلِيٍّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَبِيهِ قَالَ: خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَّى مَوْلَى الْحَسَنِ بْنِ عَلِيٍّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَبِيهِ قَالَ: يَا مُحَمَّدُ إِنَّ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُو مَسْرُورٌ فَقَالَ: (إِنَّ المَلكَ جَاءَنِي فَقَالَ: يَا مُحَمَّدُ إِنَّ اللَّهَ يَقُولُ: أَمَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُو مَسْرُورٌ فَقَالَ: يَا مُحَمَّدُ إِنَّ اللَّهَ يَقُولُ: أَمَا تَرْضَى أَنْ لَا يُصَلِّي عَلَيْكَ عَبْدٌ مِنْ عِبَادِي صَلَاةً إِلَّا صَلَيْتُ عَلَيْهِ بِهَا عَشْرًا وَلَا يُسَلِّمُ عَبْدُ مِنْ عِبَادِي صَلَلاةً إِلَّا صَلَيْتُ عَلَيْهِ بِهَا عَشْرًا وَلَا يُسَلِّمُ عَلَيْكَ تَسْلِيمَةً إِلَّا سَلَّمْتُ عَلَيْهِ بِهَا عَشْرًا؟ قُلْتُ: بلى أي رب) عليه عَلْم المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات المولوي: أَبُو طَلْحَةَ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الصفحة أو الرقم: 191 خلاصة حكم المحدث:. حسن صحيح.

বাংলা

৯১১. আবৃ তালহা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (তাঁর হুজরা থেকে) বের হয়ে আসেন এসময় তিনি খুশি ছিলেন, অতঃপর তিনি বলেন, "নিশ্চয়ই ফেরেস্তা আমার কাছে এসে আমাকে বলেন, "হে মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আল্লাহ বলেন, "আপনি কি এতে খুশি হবেন না যে ব্যক্তি আপনার উপর একবার দরুদ পাঠ করবে, আমি এর বিনিময়ে তার উপর দশবার রহম করবো আর যে ব্যক্তি আপনার উপর একবার সালাম পেশ করবে, আমি এর বিনিময়ে তার উপর দশবার শান্তি অবতীর্ণ করবো?" আমি বললাম, "হ্যাঁ, হে আমার প্রতিপালক (অবশ্যই আমি এতে খুশি)।"[1]



ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৫১৬; মুসনাদ আহমাদ: ৪/২৯; নাসাঈ: ৩/৫০; দারেমী: ২/৩১৭; হাকিম: ২/৪২০; ইসমাঈল আল কাষী: ১, ২।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে যঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৮২৯।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ ত্বলহা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন